

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সুপারের কার্যালয়
নারায়ণগঞ্জ জেলা কারাগার
www.prison.narayanganj.gov.bd


“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা কারা ঠিকাদার, প্রকৃত ব্যবসায়ী ও ভাংগারী ব্যবসায়ী/সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরের স্মারক নং- ৫৮.০৪.০০০০.০৩০.০৭.০০১.২৩-১৯৮৮(২), তাং-২৭/১১/২০২৩ খ্রিস্টাব্দ মোতাবেক নারায়ণগঞ্জ জেলা কারাগারের অকেজো ঘোষিত ডেডস্টক মালামালসমূহ আগামী ২৮-১২-২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১১-০০ ঘটিকার সময় প্রকাশ্য নিলাম ডাকে বিক্রয় করা হবে।

আগ্রহী কারা ঠিকাদার, প্রকৃত ব্যবসায়ী ও ভাংগারী ব্যবসায়ীগণের/সর্ব সাধারণকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রকাশ থাকে যে, আগামী ২৮-১২-২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১০-৩০ ঘটিকা পর্যন্ত জামানতের টাকা জমা নেয়া হবে এবং জামানতের টাকা জমা নেয়ার পর নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

“শর্তাবলী”

- ১। নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জামানত বাবদ অগ্রীম জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। নিলাম ডাক মূল্যায়ন কমিটি কর্তৃক অনুমোদিত সর্বোচ্চ দরের উপর বিধি মোতাবেক ১০% হারে উৎস কর ও ৭.৫% ভ্যাট কর্তন করা হবে।
- ৩। নির্ধারিত তারিখ ও সময়ের পর নিলাম ডাকে অংশগ্রহণ করতে করা যাবে না।
- ৪। নিলাম ডাকে কোন প্রকার নেগোসিয়েশনের উদ্যোগ গ্রহণ করা যাবে না বা অন্য কাউকে ভীতি প্রদর্শন কিংবা দর প্রদানে বিঘ্ন সৃষ্টি করা যাবে না।
- ৫। প্রস্তাবিত সর্বোচ্চ নিলাম ডাকারীকে ডেডস্টক মালামালের মোট মূল্য, উৎস কর ও ভ্যাটসহ সমুদয় টাকা নগদ জমা দিয়ে সংগে সংগে ডেডস্টক মালামালসমূহ বুঝে নিতে হবে। অন্যথায় নিলাম ডাকের জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ৬। যে কোন দর গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ইহার জন্য কোন প্রকার কারণ দর্শাতে কর্তৃপক্ষ বাধ্য নহে।


(মোঃ মোকাম্মেল হোসেন)
বিজে-০২৬৭৯৭০০১৬২
জেলা সুপার

নারায়ণগঞ্জ জেলা কারাগার।


ফোন নং- ০২২২৪৪৩৭১২৩
e-mail: jailsuper@narayanganj@gmail.com

তারিখ-১৭/১২/২০২৩ খ্রিঃ।

পত্র নং- ৫৮.০৪.৬৭০০.০৯১.০৪.০৫.২৩-৩৬৭

অনুলিপি সদয় অবগতি ও উপরোক্ত নিলাম বিজ্ঞপ্তি তাঁর দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য সর্বিনয়ে অনুরোধ করা যাচ্ছে।

- ০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০২। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ০৩। সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
- ০৪। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ।
- ০৫। মেয়র, নারায়ণগঞ্জ পৌরসভা, নারায়ণগঞ্জ।
- ০৬। সভাপতি, নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, নারায়ণগঞ্জ।
- ০৭। নারায়ণগঞ্জ জেলা কারাগারের নোটিশ বোর্ড।


(মোঃ মোকাম্মেল হোসেন)
বিজে-০২৬৭৯৭০০১৬২
জেলা সুপার

নারায়ণগঞ্জ জেলা কারাগার।

ফোন নং- ০২২২৪৪৩৭১২৩
e-mail: jailsuper@narayanganj@gmail.com